

# নিউ ইয়র্কের ঘরোয়া শ্রমিকদের শ্রমিক অধিকার ও সুবক্ষা

## ঘরোয়া কর্মীদের জন্য তথ্য

নভেম্বর 29, 2010-এ কার্যকর হওয়া ঘরোয়া কর্মীদের অধিকার বিল (Domestic Workers' Bill of Rights) সমেত শ্রমিক আইন অনুসারে, ঘরোয়া কর্মী এবং তাদের নিয়োগকর্তাদের কিছু দায়দায়িত্ব রয়েছে। বিস্তারিত ভাবে জানতে [www.labor.ny.gov](http://www.labor.ny.gov) -তে যান।

## ঘরোয়া কর্মী বলতে কাদের বোঝানো হয়?

“ঘরোয়া কর্মী” বলতে তাকে বোঝানো হয় যিনি অন্যের বাড়িতে কাজ করেন। এরা এই সমস্ত কাজে লিপ্ত থাকেন:

- বাচ্চার বা কোনো অসুস্থ বা বয়স্ক ব্যক্তির দেখাশোনা করা
- বাড়ির নানা টুকটাকি কাজ
- নিয়োগকর্তার বাড়িতে পালন করা আরো অন্যান্য ঘরোয়া দায়িত্ব

এই আইনের আওতায় এই ধরনের ঘরোয়া কর্মীরা বিবেচ্য হন না:

- যারা স্বল্প সময়ের জন্য নিজের ইচ্ছা বা অনিচ্ছা মার্কিন কাজ করেন, যেমন ধরুন - স্বল্প সময়ের জন্য নিয়োগকর্তার বাড়িতে তার বাচ্চাকে দেখাশোনা করা
- যারা নিয়োগকর্তার আত্মীয় বা যাকে দেখাশোনা করেন তার আত্মীয়

## ঘরোয়া কর্মীদের এই সমস্ত বিষয়গুলি জেনে রাখা উচিত

ঘরোয়া কর্মীদের অধিকার বিল সমেত নিউ ইয়র্ক স্টেট শ্রমিক আইন অনুসারে:

- আপনাকে যেন অবশ্যই **অন্ততপক্ষে** প্রযোজ্য ন্যূনতম পারিশ্রমিক দেওয়া হয়
- কোনো সপ্তাহে 40 ঘন্টা কাজ করার পরে আপনার পারিশ্রমিকের প্রাথমিক হারের 1 1/2 হারে আপনাকে যেন অতিরিক্ত সময়ের জন্য পারিশ্রমিক দেওয়া হয় (আপনি আপনার নিয়োগকর্তার বাড়িতেই থাকলে, কোনো সপ্তাহে 44 ঘন্টা কাজ করার পরে অতিরিক্ত কাজের জন্য আপনাকে যেন অবশ্যই তার জন্য আলাদা পারিশ্রমিক দেওয়া হয়)
- আপনাকে সপ্তাহে যেন অবশ্যই এক দিন (24 ঘন্টা) ছুটি দেওয়া হয় - বা আপনি ছুটির দিনেও কাজ করতে রাজি হলে, আপনাকে যেন অবশ্যই অতিরিক্ত সময় কাজ করার জন্য সেই বাবদ প্রযোজ্য হারে পারিশ্রমিক দেওয়া হয়
- একই নিয়োগকর্তার হয়ে এক বছর ধরে কাজ করার পরে আপনাকে যেন অবশ্যই পারিশ্রমিক সমেত **অন্ততপক্ষে** তিন দিনের ছুটি দেওয়া হয়

আপনি সপ্তাহে অন্ততপক্ষে 40 ঘন্টা কাজ করলে, আপনি এইসব সুবিধাও পেতে পারবেন:

- কাজ করতে গিয়ে আঘাত পেলে, কর্মীদের জন্য ক্ষতিপূরণ বিমা (Workers' Compensation Insurance) এবং
- কাজে না থাকার সময়ে আঘাত পেলে বা অসুস্থ হয়ে পড়লে এবং তার ফলে সাত দিনের বেশি দিন ধরে কাজে আসতে না পারলে, অক্ষমতার কারণে পাওয়া সুবিধা বিমা (Disability Benefits Insurance)।
- “সবসময়ে সাথে থাকার পরিষেবা” দিতে আপনি কোনো সংস্থার দ্বারা নিযুক্ত হয়ে থাকলে, যেমন ধরুন - কোনো বয়স্ক মানুষের দেখাশোনা করা, তাহলে অতিরিক্ত সময় ধরে কাজ করার ক্ষেত্রে এবং এক দিনের ছুটি পাওয়ার নিয়ম আপনার ক্ষেত্রে প্রযোজ্য হয় না।
- এই সমস্ত শ্রমিক আইনের লঙ্ঘন করা হচ্ছে বলে আপনি আপনার নিয়োগকর্তাকে বা শ্রমিক দপ্তরকে অভিযোগ জানালে, আপনার নিয়োগকর্তা আপনার বিরুদ্ধে পাল্টা কোনো ব্যবস্থা নিতে পারবে না। শ্রমিক দপ্তরে অভিযোগ জানাতে, 1-888-469-7365 -এ কল করুন বা শ্রমিক দপ্তরের রাজ্য ভিত্তিক কার্যালয়ের তালিকা পেতে [www.labor.ny.gov/workerprotection/laborstandards/workprot/lsdists.shtml](http://www.labor.ny.gov/workerprotection/laborstandards/workprot/lsdists.shtml) -এ যান।
- ঘরোয়া কর্মীদের অধিকার বিল, আপনাকে আপনার নিয়োগকর্তার করা কিছু নির্দিষ্ট ধরনের হয়রানির হাত থেকে সুবক্ষা দেয়। আপনার নিয়োগকর্তা আপনার কাছ থেকে অনভিপ্রেত যৌন সুবিধা ভোগের চেষ্টা চালাতে পারবে না বা কোনো ধরনের মৌখিক বা শারীরিক ভাবে যৌন কিছু করার চেষ্টা করতে পারবে না। নিয়োগকর্তা আপনাকে আপনি মহিলা না পুরুষ, আপনার জাত, ধর্ম বা জাতীয়তার ভিত্তিতে হয়রানি করতে পারবে না এবং আপনি অভিযোগ জানালে আপনার বিরুদ্ধে পাল্টা কোনো ব্যবস্থা নিতে পারবে না। আপনি আদালতে নিয়ম মেনে অভিযোগ জানাতে পারবেন বা নিউ ইয়র্ক স্টেট ডিভিশন অফ হিউম্যান রাইটস (New York State Division of Human Rights)-এর কাছে অভিযোগ জানাতে পারবেন। [www.dhr.ny.gov](http://www.dhr.ny.gov) ওয়েবসাইটে বা 1-888-392-3644 (নিশুঙ্ক বা টোল-ফ্রি) নম্বরে কল করে তথ্য পেতে পারবেন।
- আপনার এবং আপনার পরিবারের জন্য কম খরচের স্বাস্থ্য বিমার বিষয়ে জানতে, নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ হেলথ (New York State Department of Health)-এর [www.nyhealth.gov](http://www.nyhealth.gov) ওয়েবসাইটে যান। প্রথম পাতার ডান দিকে “সাইটের বিষয়বস্তু” (“Health Insurance Programs”) -এ “স্বাস্থ্য বিমা প্রোগ্রামগুলি” (“Site Contents”) বোতামটি খুঁজে নিন।

## নিউ ইয়র্ক রাজ্য শ্রমিক দপ্তরের এক শাখা